# জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪

( ১৯৯৪ সনের ৮ নং আইন )

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭৯ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় সংসদ সচিবালয় গঠন এবং উহার কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সম্পর্কে বিধান প্রণয়নের জন্য প্রণীত আইন।**

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭৯ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় সংসদ সচিবালয়ের গঠন এবং উহার কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সম্পর্কে বিধান প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন;

(খ) "কর্মকর্তা বা কর্মচারী" অর্থ সংসদ সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারী;

(গ) "চীফ হুইপ" অর্থ সংসদের চীফ হুইপ;

(ঘ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঙ) "বিরোধী দলের উপ-নেতা" অর্থ বিরোধী দলের নেতা কর্তৃক সংসদে বিরোধী দলের উপ-নেতারূপে মনোনীত কোন সংসদ সদস্য;

(চ) "বিরোধী দলের নেতা" অর্থ স্পীকারের বিবেচনামতে যে সংসদ-সদস্য সাময়িকভাবে সংসদে সরকারের বিরোধীতাকারী সর্বোচ্চ সংখ্যক সদস্য লইয়া গঠিত ক্ষেত্রমত দল বা অধিসংঘের নেতা;

(ছ) "সচিব" অর্থ সংসদ সচিবালয়ের সচিব বা সাময়িকভাবে তাহার দায়িত্ব পালনরত কোন ব্যক্তি;

(জ) "স্পীকার" অর্থ সংসদের স্পীকার এবং সংবিধানের ৭৪ অনুচেছদ অনুসারে সাময়িকভাবে স্পীকারের পদে অধিষ্ঠিত ব্যক্তি;

(ঝ) "সংসদ" অর্থ জাতীয় সংসদ;

(ঞ) "সংসদ উপ-নেতা" অর্থ প্রধানমন্ত্রী কর্তৃক সংসদ উপ-নেতারূপে মনোনীত কোন সংসদ-সদস্য;

(ট) "সংসদ-নেতা" অর্থ প্রধানমন্ত্রী;

(ঠ) "সংসদ সচিবালয়" অর্থ জাতীয় সংসদ সচিবালয়;

(ড) "সংসদ সচিবালয় কমিশন" অর্থ এই আইনের ধারা ৭ এর অধীন গঠিত সংসদ সচিবালয় কমিশন;

(ঢ) "সংসদ-সদস্য" অর্থ সংসদের কোন সদস্য; এবং

(ণ) "হুইপ" অর্থ সংসদের হুইপ।

**সংসদ সচিবালয় গঠন**

৩। (১) সংবিধানের ৭৯ অনুচ্ছেদ অনুযায়ী সংসদের নিজস্ব সচিবালয় থাকিবে।

(২) সংসদ সচিবালয় সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তরের প্রশাসনিক আওতাধীন থাকিবে না।

(৩) সংসদ সচিবালয় বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে গঠিত হইবে।

**সংসদ সচিবালয়ের দায়িত্ব ও কর্তব্য**

৪। (১) সংসদ সচিবালয় সংসদের জন্য প্রয়োজনীয় সকল সাচিবিক দায়িত্ব পালন করিবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালীবিধি দ্বারা সংসদ সচিবালয়ের উপর আরোপিত যাবতীয় কর্তব্য সম্পাদন করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য ছাড়াও সংসদ সচিবালয় বিশেষ করিয়া নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবে:

(ক) সংসদ নেতার সহিত পরামর্শক্রমে সংবিধান মোতাবেক সংসদ অধিবেশন আহ্বান ও স্থগিতকরণ সম্পর্কিত সাচিবিক কার্যাবলী;

(খ) সংসদ সচিবালয় গ্রন্থাগার পরিচালনা ও ব্যবস্থাপনা;

(গ) সংসদের স্থায়ী কমিটিসমূহ ও অন্যান্য সকল কমিটির সভা আহ্বান, উহাতে সাচিবিক সহায়তা প্রদান ও উহার কার্যবিবরণী প্রস্তুতকরণ;

(ঘ) সংসদের কার্যবিবরণী লিপিবদ্ধকরণ, সম্পাদনা, মুদ্রণ ও প্রকাশনা;

(ঙ) সংসদ-সদস্যগণের সংসদীয় কার্যাবলী ও দায়িত্ব পালনের জন্য তাঁহাদিগকে প্রয়োজনীয় সহায়তা করা;

(চ) সংসদ-সদস্যগণের আবাসন সম্পর্কিত বিষয়াদির তত্ত্বাবধান;

(ছ) সংসদের ক্যাফেটেরিয়ার তদারক ও উন্নতি সাধন;

(জ) স্পীকার, ডেপুটি স্পীকার, চীফ হুইপ, বিরোধী দলের নেতা, সংসদ উপ-নেতা, বিরোধী দলের উপ-নেতা, হুইপগণ ও সংসদ-সদস্যগণকে দেয় পারিশ্রমিক ও ভাতাদি প্রদান সম্পর্কিত কার্যাবলী;

(ঝ) সংসদ-সদস্য ভবনসমূহের আসবাবপত্র সরবরাহকরণ;

(ঞ) আন্তঃ সংসদীয় ইউনিয়ন, কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশন ও সার্কভুক্ত দেশসমূহের পার্লামেন্টের সহিত যোগাযোগ;

(ট) সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর সহিত পরামর্শক্রমে আন্তর্জাতিক সংসদীয় কনভেনশন এবং দ্বি-পাক্ষিক ভিত্তিতে বিভিন্ন দেশের সহিত সংসদীয় প্রতিনিধিদল বিনিময় সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;

(ঠ) সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য রক্ষিত আবাসিক ভবনসমূহের বরাদ্দ প্রদান;

(ড) সংসদ সচিবালয়ের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা;

(ঢ) সংসদ সচিবালয় সম্পর্কিত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

**সংসদ সচিবালয়ের কর্তৃত্ব**

৫। (১) সংসদ সচিবালয়ের প্রশাসনিক দায়িত্ব স্পীকারের উপর ন্যস্ত থাকিবে।

(২) স্পীকার তাহার এই দায়িত্ব স্বয়ং পালন করিবেন অথবা বিধি দ্বারা নির্ধারিত কোন কর্মকর্তার উপর অর্পণ করিবেন।

**সংসদ সচিবালয়ের কার্যপদ্ধতি**

৬। (১) সংসদ সচিবালয় সরকারের যে কোন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর বা অফিসের সহিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানের সহিত সরাসরি যোগাযোগ করিতে পারিবে।

(২) স্পীকার বিধি বা স্থায়ী আদেশ দ্বারা সংসদ সচিবালয়ের কার্যাবলী বণ্টন ও পরিচালনার ব্যবস্থা করিবেন।

**সংসদ সচিবালয় কমিশন**

৭। (১) নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে গঠিত একটি সংসদ সচিবালয় থাকিবে, যথা:-

(ক) স্পীকার, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) প্রধানমন্ত্রী বা তত্কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন সংসদ সদস্য;

(গ) সংসদের বিরোধীদলীয় নেতা বা তত্কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন সংসদ সদস্য;